

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর অধিশাখা
(www.mos.gov.bd)

নং-১৮.০০.০০০০.০২১.০৮.০০১.১৭-৪৫২

তারিখ: ২৩-১১-২০১৭

প্রাপক: চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

বিষয়: চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের হিসাব রক্ষণ কর্মকর্তা, জনাব জাহিদুল ইমাম পবিত্র আজমীর শরীফ জেয়ারতের উদ্দেশ্যে ভারত গমনের জন্য ০৭(সাত) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুরি প্রসঙ্গে।

সূত্র: চবকের পত্র নং- ১৮.০৪.০০০০.১৮১.২৫.০১২.২০১৭,-৭১৪ তারিখঃ ০৭-১১-২০১৭

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, হিসাব রক্ষণ কর্মকর্তা, জনাব জাহিদুল ইমাম পবিত্র আজমীর শরীফ জেয়ারতের উদ্দেশ্যে ভারত গমনের জন্য আগামী ৩০-১১-২০১৭ বা প্রকৃত ভ্রমণের তারিখ থেকে ০৭(সাত) দিনের জন্য বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) নিম্নরূপ শর্তে মঞ্জুরি জ্ঞাপন করা হলোঃ

শর্তাবলীঃ

- (ক) এই ভ্রমণের সমস্ত ব্যয়ভার তিনি নিজে বহন করবেন। এ ব্যাপারে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বা সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (খ) ভ্রমণকালীন বেতন ভাতার কোন অংশ তিনি বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- (গ) নির্ধারিত সময়ের অতিরিক্ত তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ/-
(মোঃ আবদুস ছাত্তার)
উপসচিব
ফোন: ৯৫১৫১৮৫।
email:-ds.cpa@mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০২১.০৮.০০১.১৭-

তারিখ: ২৩-১১-২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, ভারত (পররাষ্ট্র মন্ত্রণালয়ের কূটনৈতিক ব্যাগের মাধ্যমে)
- ৩। মান্যবর হাইকমিশনার, ভারত হাইকমিশন, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল (রাঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। নিয়ন্ত্রক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। জনাব জাহিদুল ইমাম, হিসাবরক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

স্বাঃ/-
২৩/১১/১৭
(মোঃ আবদুস ছাত্তার)
উপসচিব